গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
খাগড়াছড়ি পার্বত্য জেলা
(স্থানীয় সরকার শাখা)
www.khagrachhari.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪২.৪৬০০.০০০.০০৪.১১.০০০২.২৫- ৩৬০

তারিখ : ১৪ শ্রাবণ ১৪৩২
২৯ জুলাই ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের ইউনিয়ন পরিষদ-২ শাখার গত ১৮ মার্চ ২০২৫ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.০৪.০০১.১৭ (অংশ-৩)-৬৯৫ নম্বর স্মারকের ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে খাগড়াছড়ি পার্বত্য জেলার ইউনিয়ন পরিষদের 'ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা'র শূন্যপদে জনবল নিয়োগের লক্ষ্যে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে খাগড়াছড়ি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে অনলাইনে (**https://dckc.teletalk.com.bd** ওয়েবসাইটে) নিম্নলিখিত শর্তে আবেদন আহবান করা যাচ্ছে (অনলাইন ব্যতীত কোনো আবেদন গ্রহণ করা হবে না):

| পদের নাম | পদের সংখ্যা | বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা | ০৬ (ছয়) | গ্রেড-১৪<br>১০২০০-২৪৬৮০/-<br>তৎসহ বিধি মোতাবেক অন্যান্য ভাতাদি (ইউনিয়ন পরিষদ কর্তৃক ২৫% এবং সরকার কর্তৃক ৭৫ % বেতন প্রাপ্য হবেন) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী। |

**আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে:**

০১। জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদসমূহ পূরণের ক্ষেত্রে "স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরী বিধিমালা, ২০১১ (সংশোধিত ২০১৬)" অনুসরণ করা হবে।

০২। নিয়োগের ক্ষেত্রে কোটাসহ অন্যান্য সকল বিষয়ে সরকারের বিদ্যমান বিধি-বিধান/ পরিপত্র/ নির্দেশনা অনুসরণ করা হবে।

০৩। আবেদনকারী প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও খাগড়াছড়ি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। যদি কোনো ব্যক্তি এমন কোনো ব্যক্তিকে বিবাহ করেন বা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নন, তবে তিনি এ নিয়োগের ক্ষেত্রে যোগ্য প্রার্থী হিসেবে বিবেচিত হবেন না। বিবাহিত মহিলা প্রার্থীগণকে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করে আবেদন করতে হবে।

০৪। আবেদনকারীর বয়স ৩১/০৮/২০২৫ খ্রি. তারিখে ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোনো এফিডেভিড গ্রহণযোগ্য নয়।

০৫। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের (নিয়োগকারী কর্তৃপক্ষ) অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে (অন্যথায় চাকুরির জন্য নির্বাচিত হলে আবেদনে উল্লিখিত সনদ ব্যতীত আবেদনের পূর্বে অর্জিত অন্যান্য যোগ্যতা/ অভিজ্ঞতার সনদপত্র অন্তর্ভুক্তকরণের সুযোগ থাকবে না)।

০৬। আবেদনকারীকে তার অর্জিত সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

০৭। লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নিম্নবর্ণিত সকল সনদ/অনাপত্তিপত্র/ কাগজপত্রাদির মূলকপি প্রদর্শনসহ নবম বা তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তা কর্তৃক সত্যায়িত একসেট ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে) দাখিল করতে হবে [সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার নাম, পদবি, পরিচিতি নম্বর (যদি থাকে) ও দাপ্তরিক ঠিকানা সম্বলিত সিলসহ]:

ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy) ও প্রবেশপত্র (Admit Card);
খ) সাম্প্রতিক সময়ে তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি-০৩ (তিন) কপি;
গ) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা সনদের মূলকপি (যদি থাকে);
ঘ) নবম বা তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;
ঙ) সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/প্রশাসক অথবা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ ভারপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ;
চ) জাতীয় পরিচয়পত্র;
ছ) অনলাইন জন্ম নিবন্ধন সনদ;
জ) জেলা প্রশাসক/ সার্কেল চীফ কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দা সনদপত্র;
ঝ) চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্র;
ঞ) প্রার্থীকে তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/ প্রমাণপত্র।

০৮। লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে অবশ্যই ডাউনলোডকৃত প্রবেশপত্র (ADMIT CARD) ও আবেদনপত্রের (APPLICANT'S COPY) রঙিন প্রিন্টকপি যথাযথ কর্তৃপক্ষকে প্রদর্শন করতে হবে। লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোনো প্রকার ভ্রমণ ভাতা বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

০৯। নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগবিধিমতে লিখিত ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। কেবল লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

১০। অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য নিয়োগ কার্যক্রমের যে কোনো পর্যায়ে বা নিয়োগ দানের পরেও অসত্য/ ত্রুটিপূর্ণ/ ভুয়া প্রমাণিত হলে তার আবেদন /নির্বাচন/ নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১১। নিয়োগ প্রক্রিয়া চলাকালীন বা চূড়ান্ত নিয়োগ সম্পন্ন হওয়ার পরেও কোনো প্রার্থী কর্তৃক তথ্য গোপন করা বা ভুল তথ্য প্রদানের বিষয় বা দাখিলকৃত কাগজপত্র জাল/মিথ্যা/ভুয়া প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিলকরণসহ যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২। নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ছাড়াই জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির উল্লিখিত পদের সংখ্যার হ্রাস/বৃদ্ধিসহ যেকোনো শর্ত পরিবর্তন/পরিবর্ধন/পরিমার্জন/সংযোজন করাসহ বিজ্ঞপ্তিটি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়নি এমন যে কোনো বিষয়ে সংশ্লিষ্ট বিধি-বিধান অনুযায়ী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪। নিয়োগের ক্ষেত্রে কোনো প্রকার সুপারিশ/তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে; এ বিষয়ে কোনো আপত্তি উত্থাপন করা যাবে না।

১৫। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি:**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ **https://dckc.teletalk.com.bd** এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০১/০৮/২০২৫ তারিখ সকাল ১০.০০ টা।
ii. Online-এ আবেদনপত্র পূরণ ও জমাদানের শেষ তারিখ ও সময় ৩১/০৮/২০২৫ তারিখ বিকাল ০৫.০০ টা।
iii. উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় হতে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে Teletalk pre-paid mobile ফোন থেকে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০ Pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

(গ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঘ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application preview দেখা যাবে। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা এবং এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত হয়ে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy -তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোনো teletalk pre-paid mobile নম্বর এর মাধ্যমে ০২ (দুই)টি SMS করে আবেদন ফি বাবদ ১০০/- (একশত) টাকা এবং Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/- (বারো) টাকাসহ অফেরতযোগ্য মোট ১১২/- (একশত বারো) টাকা এবং অনগ্রসর নাগরিক এর জন্য আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ০৬/-(ছয়) টাকাসহ অফেরতযোগ্য মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে,"Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online-এ আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

**<u>প্রথম SMS:</u>**

**DCKC <space>User ID লিখে send করতে হবে 16222 নম্বরে।**

Example: **DCKC** XYZDEF

Reply: Applicant's Name, TK. 112/- will be charged as application fee. Your PIN is xxxxxxxx. To pay fee Type DCKC<space>Yes<space>PIN and send to 16222

**<u>দ্বিতীয় SMS:</u>**

**DCKC <space> Yes<space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।**

Example: **DCKC** YES XXXXXXXX

Reply: Congratulation Applicant's Name, Payment Completed Successfully for DCKC Application for post XXXXXXX User ID is (XYZDEF) and password (XXXXXXX).

(ঙ) Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(চ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print করে নেবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(ছ) শুধু Teletalk pre-paid mobile ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

**(i) User ID জানা থাকলে: DCKC <space>Help<space>User<space>User ID & Send to 16222**

Example: **DCKC** HELP USER XYZDEF Send to 16222

**(ii) PIN Number জানা থাকলে: DCKC <space>Help<space>PIN<space>PIN No & Send to 16222**

Example: **DCKC** HELP PIN 12345678 Send to 16222

(জ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোনো মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(ঝ) online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে যেকোনো টেলিটক নম্বর হতে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা dckhagrachari@mopa.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেইজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: DCKC Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

১৬। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়, খাগড়াছড়ি পার্বত্য জেলা www.khagrachhari.gov.bd এর ওয়েবসাইটে এবং https://dckc.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল ফোন অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.khagrachhari.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

**(এ বি এম ইফতেখারুল ইসলাম খন্দকার)**
জেলা প্রশাসক
খাগড়াছড়ি পার্বত্য জেলা
ফোন: ০২৩৩৩৩৪৩৮১১, ফ্যাক্স: ০২৩৩৩৩৪৩৭২৮
E-mail: dckhagrachari@mopa.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪২.৪৬০০.০০০.০০৪.১১.০০০২.২৫-৩৬০ তারিখ : ১৪ শ্রাবণ ১৪৩২ / ২৯ জুলাই ২০২৫

**অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

০৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

০৪। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স (১১ তলা), হোল্ডিং ৩/এ, ৫/এ, ৭/এ, রোড নং-১৭, গুলশান-১, ঢাকা- ১২১২।**(তাঁকে উল্লিখিত বিজ্ঞপ্তি অনুযায়ী অনলাইনে আবেদন গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো)।**

০৫। জেলা প্রশাসক, ..........................(সকল)।

০৬। পুলিশ সুপার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

০৭। সিভিল সার্জন, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

০৮। মূখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

০৯। প্রশাসক, খাগড়াছড়ি/ মাটিরাঙ্গা/ রামগড় পৌরসভা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

১০। প্রশাসক, উপজেলা পরিষদ (সকল), খাগড়াছড়ি পার্বত্য জেলা।

১১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), খাগড়াছড়ি পার্বত্য জেলা।

১২। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

১৩। জেলা তথ্য অফিসার, খাগড়াছড়ি পার্বত্য জেলা (বহুল প্রচারের জন্য)।

১৪। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

১৫। সহকারী কমিশনার, আইসিটি শাখা, এ কার্যালয় (বিজ্ঞপ্তিটি জেলা পোর্টালে আপলোড এর অনুরোধ করা হলো)।

১৬। চেয়ারম্যান (সকল), ...................ইউনিয়ন পরিষদ................, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

১৭। সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

১৮। ক) সম্পাদক, দৈনিক আমার দেশ, কারওয়ান বাজার, ঢাকা।
খ) সম্পাদক, দৈনিক দিনকাল, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
গ) সম্পাদক, দৈনিক সবুজ পাতার দেশ, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকায় আগামী৩১/০৭/২০২৫ তারিখের মধ্যে স্বল্প পরিসরে ০১ (এক) দিনের জন্য প্রকাশ করে **বিজ্ঞপ্তির ৫ (পাঁচ) কপি** এবং বিজ্ঞপ্তি প্রকাশের পর নিম্নস্বাক্ষরকারী বরাবর **বিল প্রেরণের জন্য অনুরোধ করা হলো।**

১৯। নোটিশ বোর্ড, জেলা প্রশাসকের কার্যালয়, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

২০। অফিস কপি/ মাস্টার ফাইল।

২৯/০৭/২০২৫

জেলা প্রশাসক
খাগড়াছড়ি পার্বত্য জেলা